www.prepp.in

Prepp
Your Personal Exams Guide

PAPER-III
BENGALI

Signature and Name of Invigilator

1. (Signature) ______________________________
   (Name) ______________________________
2. (Signature) ______________________________
   (Name) ______________________________

OMR Sheet No. : ....
(To be filled by the Candidate)

Roll No. | | | | | | | | |
(In figures as per admission card)

Roll No.____
(In words)

D 1 9 1 4

Time : **2 ½** hours]   [Maximum Marks : **150**

Number of Pages in this Booklet : **16**   Number of Questions in this Booklet : **75**

Instructions for the Candidates

1. Write your roll number in the space provided on the top of this page.
2. This paper consists of seventy five multiple-choice type of questions.
3. At the commencement of examination, the question booklet will be given to you. In the first 5 minutes, you are requested to open the booklet and compulsorily examine it as below :
   (i) To have access to the Question Booklet, tear off the paper seal on the edge of this cover page. Do not accept a booklet without sticker-seal and do not accept an open booklet.
   (ii) **Tally the number of pages and number of questions in the booklet with the information printed on the cover page. Faulty booklets due to pages/questions missing or duplicate or not in serial order or any other discrepancy should be got replaced immediately by a correct booklet from the invigilator within the period of 5 minutes. Afterwards, neither the Question Booklet will be replaced nor any extra time will be given.**
   (iii) After this verification is over, the OMR Sheet Number should be entered on this Test Booklet.
4. Each item has four alternative responses marked (A), (B), (C) and (D). You have to darken the circle as indicated below on the correct response against each item.
   Example : Ⓐ Ⓑ ● Ⓓ
   where (C) is the correct response.
5. Your responses to the items are to be indicated in the **OMR Sheet given inside the Booklet only.** If you mark at any place other than in the circle in the OMR Sheet, it will not be evaluated.
6. Read instructions given inside carefully.
7. Rough Work is to be done in the end of this booklet.
8. If you write your Name, Roll Number, Phone Number or put any mark on any part of the OMR Sheet, except for the space allotted for the relevant entries, which may disclose your identity, or use abusive language or employ any other unfair means such as change of response by scratching or using white fluid, you will render yourself liable to disqualification.
9. You have to return the test question booklet and Original OMR Sheet to the invigilators at the end of the examination compulsorily and must not carry it with you outside the Examination Hall. You are, however, allowed to carry original question booklet and duplicate copy of OMR Sheet on conclusion of examination.
10. **Use only Blue/Black Ball point pen.**
11. **Use of any calculator or log table etc., is prohibited.**
12. **There is no negative marks for incorrect answers.**

परीक्षार्थियों के लिए निर्देश

1. इस पृष्ठ के ऊपर नियत स्थान पर अपना रोल नम्बर लिखिए ।
2. इस प्रश्न-पत्र में पचहत्तर बहुविकल्पीय प्रश्न हैं ।
3. परीक्षा प्रारम्भ होने पर, प्रश्न-पुस्तिका आपको दे दी जायेगी । पहले पाँच मिनट आपको प्रश्न-पुस्तिका खोलने तथा उसकी निम्नलिखित जाँच के लिए दिये जायेंगे, जिसकी जाँच आपको अवश्य करनी है :
   (i) प्रश्न-पुस्तिका खोलने के लिए उसके कवर पेज पर लगी कागज की सील को फाड़ लें । खुली हुई या बिना स्टीकर-सील की पुस्तिका स्वीकार न करें ।
   (ii) **कवर पृष्ठ पर छपे निर्देशानुसार प्रश्न-पुस्तिका के पृष्ठ तथा प्रश्नों की संख्या को अच्छी तरह चैक कर लें कि ये पूरे हैं । दोषपूर्ण पुस्तिका जिनमें पृष्ठ/प्रश्न कम हों या दुबारा आ गये हों या सीरियल में न हों अर्थात् किसी भी प्रकार की त्रुटिपूर्ण पुस्तिका स्वीकार न करें तथा उसी समय उसे लौटाकर उसके स्थान पर दूसरी सही प्रश्न-पुस्तिका ले लें । इसके लिए आपको पाँच मिनट दिये जायेंगे । उसके बाद न तो आपकी प्रश्न-पुस्तिका वापस ली जायेगी और न ही आपको अतिरिक्त समय दिया जायेगा ।**
   (iii) इस जाँच के बाद OMR पत्रक की क्रम संख्या इस प्रश्न-पुस्तिका पर अंकित कर दें ।
4. प्रत्येक प्रश्न के लिए चार उत्तर विकल्प (A), (B), (C) तथा (D) दिये गये हैं । आपको सही उत्तर के वृत्त को पेन से भरकर काला करना है जैसा कि नीचे दिखाया गया है ।
   उदाहरण : Ⓐ Ⓑ ● Ⓓ
   जबकि (C) सही उत्तर है ।
5. प्रश्नों के उत्तर **केवल प्रश्न पुस्तिका के अन्दर दिये गये OMR पत्रक पर ही** अंकित करने हैं । यदि आप OMR पत्रक पर दिये गये वृत्त के अलावा किसी अन्य स्थान पर उत्तर चिह्नांकित करते हैं, तो उसका मूल्यांकन नहीं होगा ।
6. अन्दर दिये गये निर्देशों को ध्यानपूर्वक पढ़ें ।
7. कच्चा काम (Rough Work) इस पुस्तिका के अन्तिम पृष्ठ पर करें ।
8. यदि आप OMR पत्रक पर नियत स्थान के अलावा अपना नाम, रोल नम्बर, फोन नम्बर या कोई भी ऐसा चिह्न जिससे आपकी पहचान हो सके, अंकित करते हैं अथवा अभद्र भाषा का प्रयोग करते हैं, या कोई अन्य अनुचित साधन का प्रयोग करते हैं, जैसे कि अंकित किये गये उत्तर को मिटाना या सफेद स्याही से बदलना तो परीक्षा के लिये अयोग्य घोषित किये जा सकते हैं ।
9. आपको परीक्षा समाप्त होने पर प्रश्न-पुस्तिका एवं मूल OMR पत्रक निरीक्षक महोदय को लौटाना आवश्यक है और परीक्षा समाप्ति के बाद उसे अपने साथ परीक्षा भवन से बाहर न लेकर जायें । हालांकि आप परीक्षा समाप्ति पर मूल प्रश्न-पुस्तिका तथा OMR पत्रक की डुप्लीकेट प्रति अपने साथ ले जा सकते हैं ।
10. **केवल नीले/काले बाल प्वाईंट पेन का ही इस्तेमाल करें ।**
11. **किसी भी प्रकार का संगणक (कैलकुलेटर) या लाग टेबल आदि का प्रयोग वर्जित है ।**
12. **गलत उत्तरों के लिए कोई नकारात्मक अंक नहीं हैं ।**

Prepp
Your Personal Exams Guide

BENGALI

বাংলা

Paper – III

প্রশ্নপত্র – III

Note : This paper contains **seventy five (75)** objective type questions of **two (02)** marks each. All questions are compulsory.

নির্দেশ : এই প্রশ্নপত্রে **পচাত্তর-টি (75)** বিকল্প-সমন্বিত প্রশ্ন আছে । প্রতি প্রশ্নের মান **দুই (2)** । সব প্রশ্নের উত্তর দিতে হবে ।

1. বিহারীলাল তাঁর কাব্যের সর্গারম্ভে বিভিন্ন সংস্কৃত কাব্যের শ্লোকাংশ উদ্ধৃত করেছেন । নীচে সেরকম শ্লোক ও কাব্যনাম দুটি তালিকায় দেওয়া হল । তালিকা দুটির সামঞ্জস্য বিধান করে সংকেত অনুসারে ঠিক উত্তর দিন :

প্রথম তালিকা	**দ্বিতীয় তালিকা**
a. গুণা গুণানুবন্ধিত্বাত্তস্য সপ্রসবাইব	i. সারদামঙ্গল
b. যাং চিন্তয়ামি সততং ময়িসা বিরক্তা	ii. বঙ্গসুন্দরী
c. গাত্রেষু চন্দনরসো দৃশি শারদেন্দুরানন্দ	iii. বন্ধুবিয়োগ
d. সঙ্গম বিরহবিকল্পে বরমিহ বিরহো	iv. প্রেমপ্রবাহিনী

সংকেত :

	a	b	c	d
(A)	i	iii	iv	ii
(B)	ii	i	iii	iv
(C)	iv	ii	i	iii
(D)	iii	iv	ii	i

2. 'ইন্দিরা' উপন্যাসের 'বঙ্গদর্শন' পত্রিকায় প্রকাশিত পাঠ থেকে চারটি প্রসঙ্গ উদ্ধার করা হয়েছে । সংকেত থেকে সেগুলির সত্য অসত্য নির্ণয় করুন :

a. রমণ বাবু চরিত্রটি বঙ্গদর্শন পত্রিকার পাঠ-এ ছিলনা

b. বঙ্গদর্শনের পাঠ-এ ইন্দিরা উপেন্দ্রর সাক্ষাৎ লাভ করেছে তৃতীয় পরিচ্ছেদে ।

c. বঙ্গদর্শনের পাঠ-এ ইন্দিরা স্বামীর সঙ্গে সাক্ষাতের ব্যবস্থা নিজেই করেছে ।

d. বঙ্গদর্শনের পাঠ-এ রামবাবুর স্ত্রী পাচিকাকে 'পাক শাকের' নির্দেশ দিয়েছিলেন ।

সংকেত :

	a	b	c	d
(A)	সত্য	অসত্য	সত্য	অসত্য
(B)	অসত্য	সত্য	অসত্য	সত্য
(C)	সত্য	সত্য	সত্য	অসত্য
(D)	অসত্য	অসত্য	অসত্য	অসত্য

3. রবীন্দ্রনাথ যে ছোটগল্পকারকে ‘সব্যসাচী অর্জুন’ আখ্যা দিয়েছিলেন তিনি হলেন :

(A) পরশুরাম
(B) বনফুল
(C) নারায়ণ গঙ্গোপাধ্যায়
(D) প্রভাতকুমার মুখোপাধ্যায়

4. ‘চৈতন্য ভাগবতে’ বলা হয়েছে

গুরু বলে বাপ তুমি মন দিয়া পড় ।
ভট্টাচার্য হৈবা তুমি বলিলাম দড় ।।

ভট্টাচার্য বলতে বোঝায় :

(A) ব্রাহ্মণের পদবী
(B) মীমাংসা ও ন্যায়শাস্ত্রের পণ্ডিত
(C) স্মৃতিশাস্ত্রে পারদর্শী
(D) বেদজ্ঞ

5. নীচে একটি মন্তব্য ও তার সমর্থনে যুক্তি প্রদর্শন করা হয়েছে । প্রদত্ত সংকেত থেকে ঠিক উত্তরটি নির্দেশ করুন :

মন্তব্য : রাধাভাবের সদৃশ গৌরভাবের পদগুলিকেই গৌরচন্দ্রিকা বলা যায় ।

যুক্তি : কেননা গৌরাঙ্গ বিষয়ক পদ মাত্রই গৌরচন্দ্রিকা ।

সংকেত :

(A) মন্তব্য ও যুক্তি দুই শুদ্ধ
(B) মন্তব্য শুদ্ধ কিন্তু যুক্তি অশুদ্ধ
(C) মন্তব্য ও যুক্তি দুইই অশুদ্ধ
(D) মন্তব্য অশুদ্ধ কিন্তু যুক্তি শুদ্ধ

6. ‘ভারতী’ পত্রিকার শেষ সম্পাদক ছিলেন :

(A) স্বর্ণকুমারী দেবী
(B) দ্বিজেন্দ্রনাথ ঠাকুর
(C) রবীন্দ্রনাথ ঠাকুর
(D) সরলা দেবী

7. আলাওলের ‘পদ্মাবতী’ কাব্যে গানের (পদগীতি) মোট সংখ্যা হল

(A) ১৮ টি
(B) ১৫ টি
(C) ১৩ টি
(D) ৯ টি

8. পুথির মার্জিনে বা লাইনের উপরে সংশোধিত পাঠকে বলা হয়

(A) অতিরিক্ত পাঠ
(B) মাঙ্গলিক পাঠ
(C) শুদ্ধ পাঠ
(D) তৌলন পাঠ

9. কাশীরাম দাসের মহাভারত অনুসারে রাজসূয় যজ্ঞের জন্য যুধিষ্ঠির চারভাইকে ভারতবর্ষের চারদিকে রাজ্য জয়ের জন্য পাঠিয়ে ছিলেন । প্রথম ও দ্বিতীয় তালিকায় প্রদত্ত সে সম্পর্কিত তথ্যের সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

	প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**
a.	ভীম	i.	উত্তরদিকে
b.	অর্জুন	ii.	পূর্বদিকে
c.	নকুল	iii.	পশ্চিমদিকে
d.	সহদেব	iv.	দক্ষিণদিকে

সংকেত :

	a	b	c	d
(A)	i	ii	iii	iv
(B)	iii	i	iv	ii
(C)	ii	iv	i	iii
(D)	iv	iii	ii	i

10. নীচের দুটি তালিকায় রাজসিংহ উপন্যাসের কয়েকটি চরিত্র এবং তাদের উক্তি দেওয়া হল । সংশ্লিষ্ট তালিকা দুটির সামঞ্জস্য বিধান করে সংকেত অনুসারে ঠিক উত্তর দিন :

	প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**
a.	আজিও বাহুতে কিছু বল রাখি ।	i.	রাজসিংহ
b.	আমি আর শাহজাদী লইয়া কী করিব ?	ii.	মবারক
c.	আমি শপথ করিয়াছি যে আর এ কার্য করিব না ।	iii.	মানিকলাল
d.	আমি এখন দেশে গেলে আমার বিস্তর নিন্দা হইবে ।	iv.	ঔরংজেব

সংকেত :

	a	b	c	d
(A)	i	ii	iii	iv
(B)	iv	iii	ii	i
(C)	i	iii	ii	iv
(D)	ii	iii	iv	i

11. ‘নধনং নজনং সুন্দরীং কবিতাং বা জগদীশ ন কাময়ে । ’ – এই বিখ্যাত শ্লোকের রচয়িতা হলেন :

(A) রূপগোস্বামী (B) শ্রীচৈতন্য
(C) জয়দেব (D) সনাতন গোস্বামী

12. ‘কালান্তর’ গ্রন্থের যে প্রবন্ধে মুকুন্দের আত্মবিবরনীর উদ্ধৃতি আছে :

(A) শক্তিপূজা (B) সত্যের আহ্বান
(C) স্বাধিকার প্রমত্ত (D) বাতায়নিকের পত্র

13. ইন্দিরা উপন্যাসের যে চরিত্রটি বঙ্গদর্শন পত্রিকার পাঠ-এ ছিল না, সেটি হল

(A) রাম রাম দত্ত (B) কৃষ্ণদাস বাবু
(C) সুভাষিনী (D) হারানী

Prepp
Your Personal Exams Guide

14. প্রদত্ত প্রথম তালিকায় রাম প্রসাদের রচনায় এমন চারটি চরণ উদ্ধৃত হয়েছে যার দুটি প্রস্বর যুক্ত ও অন্য দুটি প্রস্বর হীন । দুটি তালিকার সামঞ্জস্য বিধান করে সংকেত দেখে সঠিক উত্তর নির্দেশ করুন :

প্রথম তালিকা		দ্বিতীয় তালিকা	
a.	নিম খাওয়ালে চিনি বলে বলে কথায় করে ছলো	i.	প্রস্বর যুক্ত
b.	মায়ের মূর্তি গড়াতে চাই মনের ভ্রমে মাটি দিয়ে	ii.	প্রস্বর হীন
c.	মিঠার লেভে তিতোমুখে সারাদিনটা গেল	iii.	প্রস্বর যুক্ত
d.	মা বেটি কি মাটির মেয়ে মিছে ঘাঁটি মাটি নিয়ে ।	iv.	প্রস্বর হীন

সংকেত :

	a	b	c	d
(A)	i	ii	iii	iv
(B)	iv	ii	ii	i
(C)	ii	iii	iv	i
(D)	i	iii	ii	iv

15. বাংলার লোকসঙ্গীতের যে গানে গুরুর প্রশংসা থাকে :

(A) জারি গানে
(B) মুর্শিদী গানে
(C) গম্ভীরা গানে
(D) চটকা গানে

16. 'ফিনিস লিটারারি সোসাইটি' প্রতিষ্ঠিত হয় :

(A) ১৮৩০ খ্রিস্টাব্দে
(B) ১৮৩১ খ্রিস্টাব্দে
(C) ১৮৩২ খ্রিস্টাব্দে
(D) ১৮৩৩ খ্রিস্টাব্দে

17. হাসন রাজার মরমী গানগুলি ইংরেজিতে অনুবাদ করে প্রথম বিশ্বের দরবারে তুলে ধরেন যিনি তিনি হলেন :

(A) ক্ষিতিমোহন সেন
(B) সত্যেন্দ্রনাথ ঠাকুর
(C) রবীন্দ্রনাথ ঠাকুর
(D) এডোয়ার্ড টমসন

18. "অচক্ষু সর্বত্র চান অকর্ণ শুনিতেপান

অপদ সর্বত্র গতাগতি ।" –

ভারতচন্দ্রের এই উক্তির মূলে আছে :

(A) বিষ্ণু পুরাণ
(B) মহাভারত
(C) শ্বেতাশ্বতর উপনিষদ
(D) মহানির্বান তন্ত্র

19. রাধার বয়:সন্ধি রসপর্যায়ের শ্রেষ্ঠ কবি হলেন :

(A) চণ্ডীদাস
(B) বিদ্যাপতি
(C) জ্ঞানদাস
(D) গোবিন্দদাস

20. প্রদত্ত প্রথম তালিকায় লেখক-সহ বাংলা উপন্যাসের নাম দেওয়া হয়েছে এবং দ্বিতীয় তালিকায় লেখকসহ এমন বিদেশী উপন্যাসের নাম দেওয়া হয়েছে যা অনুসরণে বাংলা উপন্যাসগুলি রচিত । দুই তালিকার সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে সঠিক উত্তর নির্দেশ করুন :

প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**	
a.	জোড় বিজোড় (চারুচন্দ্র বন্দ্যো.)	i.	Sono Omokaje (ফুটাবাৎসি)
b.	অদর্শনা (চারু চন্দ্র বন্দ্যো.)	ii.	The Prisoner of Zenda (হুগো)
c.	বন্দী (সৌরীন্দ্রমোহন মুখ্যো.)	iii.	Lamour Masque (ব্যালজাক)
d.	নোঙর ছেঁড়া নৌকা (চারুচন্দ্র বন্দ্যো.)	iv.	Victoria (ন্যুট বামসুন)

সংকেত :

	a	b	c	d
(A)	i	ii	iii	iv
(B)	iv	iii	ii	i
(C)	iii	iv	ii	i
(D)	ii	iii	iv	i

21. 'পিপীলিকার পাখা ওঠে মরিবার তরে' প্রবাদটি প্রাগাধুনিক বাংলা সাহিত্যের চারজন কবি ভিন্ন ভাষায় ব্যবহার করেছেন । দুটি তালিকায় প্রবাদগুলি ও কবিনাম দেওয়া হল । উভয় তালিকার সামঞ্জস্য বিধান করে সংকেত অবলম্বনে ঠিক উত্তরটি নির্দেশ করুন :

প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**	
a.	পিপিড়ার পাখা ওঠে মরিবার তরে	i.	মুকুন্দ চক্রবর্তী
b.	কিবা মৃত্যু হেতু পাখ উঠে পিপিড়ার	ii.	মাণিক গাঙ্গুলী
c.	পিপীলা পালক বাঁধে মরিবার তরে	iii.	রামেশ্বর ভট্টাচার্য
d.	পিপীলিকার পাখ দক্ষ মরিবার উঠে	iv.	কৃত্তিবাস

সংকেত :

	a	b	c	d
(A)	i	iii	iv	ii
(B)	ii	iv	iii	i
(C)	iii	ii	i	iv
(D)	iv	i	ii	iii

22. নীচে একটি মন্তব্য ও তার পক্ষে যুক্তি প্রদর্শন করা হয়েছে । সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

মন্তব্য : অ্যারিষ্টটলের অনুকরণতত্ত্ব প্লেটোর তুলনায় অনেক বেশি বিজ্ঞানসম্মত ।

যুক্তি : কারণ অ্যারিষ্টটলের মতে বিভিন্ন শিল্পের মধ্যে পার্থক্য করা যায় অনুকরণের বিষয়, মাধ্যম ও পদ্ধতির পার্থক্য দ্বারা ।

সংকেত :

(A) মন্তব্য ও যুক্তি দুইই অশুদ্ধ

(B) মন্তব্য ও যুক্তি দুইই শুদ্ধ

(C) মন্তব্য অশুদ্ধ কিন্তু যুক্তি শুদ্ধ

(D) মন্তব্য শুদ্ধ, যুক্তি অশুদ্ধ

Prepp
Your Personal Exams Guide

23. যে ছান্দসিক প্রথম 'বলবৃত্ত' নামকরণ করেছিলেন, তিনি হলেন :

(A) প্রবোধচন্দ্র সেন
(B) তারাপদ ভট্টাচার্য
(C) অমূল্যধন মুখোপাধ্যায়
(D) মোহিতলাল মজুমদার

24. দুটি তালিকায় যথাক্রমে চারটি প্রবাদ গ্রন্থের নাম ও সেইসব গ্রন্থে সংকলিত প্রবাদের সংখ্যার উল্লেখ করা হয়েছে । উভয় তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান যুক্ত সংকেত থেকে ঠিক উত্তরটি চিহ্নিত করুন :

প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**	
a.	কানাইলাল মোহনল-এর 'প্রবাদসংগ্রহ'	i.	২২৭১ টি
b.	জেমস্ লঙ্-এর 'প্রবাদমালা'	ii.	১২১৮ টি
c.	দ্বারকানাথ বসুর 'প্রবাদ পুস্তক'	iii.	৬৫২২ টি
d.	সুশীলকুমার দের 'বাংলা প্রবাদ'	iv.	২৩৫৪ টি

সংকেত :

	a	b	c	d
(A)	ii	iv	i	iii
(B)	iii	ii	iv	i
(C)	i	iii	ii	iv
(D)	iv	i	iii	ii

25. 'কীর্তন নিমিত্ত গৌরচন্দ্র অবতার' – বৃন্দাবন দাসের এই উক্তির উৎস

(A) চৈতন্য চন্দ্রোদয়
(B) মুরারি গুপ্তের কড়চা
(C) ভাগবত
(D) বৈষ্ণব তোষনী

26. গগন হরকরার 'আমি কোথায় পাব তারে/আমার মানর মানুষ যেরে' গানটির প্রথম ইংরেজি অনুবাদ করেন :

(A) সিস্টার নিবেদিতা
(B) রবীন্দ্রনাথ
(C) উইলিয়াম পিয়ার্সন
(D) অবনীন্দ্রনাথ

27. উৎপল দত্ত ব্রেখ্ট্-এর নাটক 'ডী টাগেডের কমুনে' নাটকের যে অনুবাদ করেন :

(A) নয়াজমানা
(B) তীর
(C) রাইফেল
(D) দিনবদলের পালা

28. প্রথম তালিকায় প্রদত্ত ব্যক্তিনাম দ্বিতীয় তালিকায় প্রদত্ত যে বিষয়গুলির সংগ্রহ ও চর্চায় খ্যাতিমান তার সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে উত্তর দিন :

প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**	
a.	দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার	i.	ব্রতকথা
b.	মনসুরউদ্দিন	ii.	চট্টগ্রামের ছড়া
c.	অঘোরনাথ চট্টোপাধ্যায়	iii.	লোকসংগীত
d.	আবদুল করিম	iv.	রূপকথা

সংকেত :

	a	b	c	d
(A)	ii	iv	iii	i
(B)	iv	iii	i	ii
(C)	i	iv	ii	iii
(D)	iii	ii	iv	i

Prepp
Your Personal Exams Guide

29. "এ নাটকের রূপকল্পের আভাস জুগিয়েছিল এলিয়টের 'মার্ডার ইন দি ক্যাথিড্রেল' নাটকটা " । বুদ্ধদেব বসু তাঁর যে নাটক সম্বন্ধে একথা বলেছেন :

(A) সংক্রান্তি (B) তপস্বী ও তরঙ্গিনী

(C) প্রথম পার্থ (D) কালসন্ধ্যা

30. প্রথম ও দ্বিতীয় তালিকায় প্রদত্ত 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের চরিত্র ও তাদের সংলাপে সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে ঠিক উত্তরটি নির্দেশ করুন :

প্রথম তালিকা	দ্বিতীয় তালিকা
a. 'হয়তো হোটেলে থাকুম' ।	i. ধনঞ্জয়
b. 'আমি কিছু আনছি, লাগলে নিও'	ii. হোসেন মিঞা
c. 'বিন্দা মাঝির পোলা' ?	iii. কুবের
d. 'বাদলা দিনের ঝড় জানান দিয়া আহে' ।	iv. কপিলা

সংকেত :

	a	b	c	d
(A)	i	iii	ii	iv
(B)	ii	i	iv	iii
(C)	iii	iv	i	ii
(D)	iv	ii	iii	i

31. নীচে দুটি তালিকায় এলিয়টের কবিতা ও তার বাংলা অনুবাদের শিরোনাম দেওয়া হল । তালিকা দুটির সঙ্গতি বিধান করে সংকেত অনুসারে ঠিক উত্তর দিন :

প্রথম তালিকা	দ্বিতীয় তালিকা
a. The journey of the Magi	i. চড়কের গান
b. The Hollow men	ii. জরায়ণ
c. Ash Wednesday	iii. ফাঁপা মানুষ
d. Gerontion	iv. রাজর্ষিদের যাত্রা

সংকেত :

	a	b	c	d
(A)	i	iv	ii	iii
(B)	ii	i	iii	iv
(C)	iv	iii	i	ii
(D)	iii	ii	iv	i

32. 'রবিবার' গল্পে অভীক-দের গৃহদেবতার নাম ছিল :

(A) ভদ্রকালী (B) রাধামাধব

(C) দুর্গা (D) মঙ্গলাকালী

Prepp
Your Personal Exams Guide

33. ‘প্রান্তিক’ কাব্যগ্রন্থের যে-কটি কবিতায় রচনার তারিখ উল্লেখ নেই তা সংখ্যায় হল :

(A) দুটি
(B) তিনটি
(C) চারটি
(D) পাঁচটি

34. আলাওলের ‘পদ্মাবতী’তে সংগীত শাস্ত্রের আলোচনা আছে :

(A) শাস্ত্রতত্ত্ব খণ্ড ও রাজা বাদশাহ যুদ্ধ খণ্ডে
(B) খিল খণ্ড ও চৌগান খণ্ডে
(C) স্তুতি খণ্ড ও দেশযাত্রা খণ্ডে
(D) বহিত্র খণ্ড ও নখশিখ খণ্ডে

35. এলিয়টের “April is the cruelest month” লাইনটি যে বাঙালী কবির কবিতায় হয়েছে “উজ্জ্বল, ক্ষুধিত জাগুয়ার যেন/এপ্রিলের বসন্ত আজ”, তিনি হলেন :

(A) বিষ্ণু দে
(B) সমর সেন
(C) কামাক্ষীপ্রসাদ চট্টোপাধ্যায়
(D) দিনেশ দাস

36. ইবসেনের Doll’s House নাটকের যে অনুবাদ শম্ভু মিত্র করেছিলেন তার নাম হল :

(A) পুতুল খেলার ঘর
(B) পুতুল নিয়ে খেলা
(C) পুতুল খেলা
(D) খেলাঘর

37. আমি ভালোবাসি যারে, সে কি কভু
আমা হতে দূরে যেতে পারে – পংক্তি দুটির যে কবিতার তা হল :

(A) বসুন্ধরা
(B) বিম্ববতী
(C) মানসসুন্দরী
(D) যেতে নাহি দিব

38. সত্যেন্দ্রনাথ দত্তের ‘বারাণসী’ কবিতায় বিশ্বামিত্র বারাণসী থেকে যে তিনটি বিদ্যালভ করেছিলেন :

(A) সৃষ্টি-স্থিতি লয়
(B) সৃষ্টি-পালন লয়
(C) সৃষ্টি-স্থিতি বিনাশ
(D) সৃষ্টি-স্থিতি পালন

39. এলিঅটের ‘ফাঁপা মানুষ’ (Hollow Men) কবিতার অনুবাদ কর্মের প্রারম্ভে বিষ্ণু দে যে ছত্রটি উদ্ধার করেছেন তা হল

(A) কিমিতি ত্বামহং স্মরামি কনাকে
(B) বুড়ো মোড়লকে কানাকড়ি
(C) যদিচ সর্বজীবে শব্দব্রহ্ম
(D) এ কোন স্থান, কোন রাজ্য, পৃথিবীর কোন দেশ ?

40. রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের ‘পদ্মিনী উপাখ্যান’-এ যে কবির প্রভাব আছে তিনি হলেন :

(A) টমাসমূর
(B) বায়রণ
(C) শেলি
(D) কীট্‌স

41. মালাধর বসুর গ্রামে যিনি বাস করতেন তিনি হলেন :

(A) নিত্যানন্দ
(B) যবন হরিদাস
(C) চৈতন্যদেব
(D) নরহরি দাস

Prepp
Your Personal Exams Guide

42. নিম্নলিখিত মন্তব্য ও যুক্তি পড়ে সংকেত থেকে সঠিক উত্তর নির্ণয় করুন :

মন্তব্য : শেলি এবং বিহারীলাল দুজনেই সৌন্দর্যের অন্বেষণে সমস্থানচারী কবি ছিলেন ।

যুক্তি : শেলির আছে যা 'intellectual beauty' বিহারীলালের কাছে আনন্দিত যোগাবস্থা ।

সংকেত :

(A) মন্তব্য শুদ্ধ, যুক্তি অশুদ্ধ ।

(B) মন্তব্য অশুদ্ধ, যুক্তি শুদ্ধ ।

(C) মন্তব্য ও যুক্তি দুইই শুদ্ধ ।

(D) মন্তব্য ও যুক্তি দুইই অশুদ্ধ ।

43. বৈষ্ণব পদাবলীর কয়েকটি পদ ও সেগুলির রচয়িতার বিষয়ে শুদ্ধ-অশুদ্ধ তথ্য প্রদান করা হয়েছে । প্রদত্ত সংকেত থেকে সঠিক উত্তরটি নির্দেশ করুন :

a. সুরপতি ধনুকি শিখণ্ডক চূড়ে – কবি বিদ্যাপতি

b. ধাতা কাতা বিধাতার বিধানে দিলাম ছাই – কবি চন্ডীদাস

c. চাহমুখ তুলি রাই চাহ মুখ তুলি – কবিজ্ঞান দাস

d. করিবর রাজহংস জিনি গামিনি – কবি গোবিন্দদাস

সংকেত :

	a	b	c	d
(A)	শুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	অশুদ্ধ
(B)	অশুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	শুদ্ধ
(C)	শুদ্ধ	অশুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
(D)	অশুদ্ধ	শুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ

44. 'বলাকা' রচনার সময় রবীন্দ্রনাথ যে বার্গসঁর সঙ্গে মনের মিল খুঁজে, পান তাঁর 'Creative Evolution' গ্রন্থটি প্রকাশিত হয় :

(A) ১৯০৭ সালে (B) ১৯০৮ সালে

(C) ১৯০৯ সালে (D) ১৯১০ সালে

45. রামমোহন 'কঠোপনিষদ' অনুবাদ করেন :

(A) ১৮১৪ সালে (B) ১৮১৫ সালে

(C) ১৮১৬ সালে (D) ১৮১৭ সালে

46. শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের যে খণ্ডে রাধার রূপের বিস্তৃত বর্ণনা আছে সেটি হল :

(A) জন্মখণ্ড (B) তাম্বুলখণ্ড

(C) হারখণ্ড (D) ভারখণ্ড

47. চৈতন্যভাগবতের আদি খণ্ডে মহাপ্রভু নগর ভ্রমণে বেরিয়ে যার বাড়িতে যান নি, তিনি হলেন :

(A) তন্তুবায় (B) গোয়ালা

(C) চর্মকার (D) তাম্বুলী

48. 'চৈতন্য চরিতামৃত'-এ উক্ত পহিলহি রাগ নয়নভঙ্গ ভেল গানটি রচনা করেছেন

(A) রায় রামানন্দ (B) কৃষ্ণদাস কবিরাজ

(C) স্বরূপ দামোদর (D) কবি কর্ণপুর

49. কোন্ গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছে তা দুটি তালিকার দিকে লক্ষরেখে সামঞ্জস্য বিধান করুন ও সংকেত থেকে ঠিক উত্তরটি নির্বাচন করুন :

	প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**
a.	সীতা	i.	তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়
b.	অর্কেস্ট্রা	ii.	কিরণশশী দেবী
c.	সাগর থেকে ফেরা	iii.	সুভাষচন্দ্র বসু
d.	গৌরিক পতাকা	iv.	সত্যেন্দ্রনাথ বসু

সংকেত :

	a	b	c	d
(A)	iii	i	iv	ii
(B)	ii	iv	i	iii
(C)	i	iii	ii	i
(D)	iv	ii	iii	i

50. 'চৈতন্য চন্দ্রোদয়' নাটক যে সংস্কৃত গ্রন্থের প্রভাবে রচিত হয়েছিল তার রচয়িতার নাম :

(A) বানভট্ট (B) কৃষ্ণ মিশ্র

(C) কালিদাস (D) জয়দেব

51. নীচে একটি মন্তব্য ও তার সমর্থনে যুক্তি প্রদর্শন করা হয়েছে । সংকেত থেকে ঠিক উত্তরটি চিহ্নিত করুন :

মন্তব্য : 'উজ্জ্বলনীলমণি'র নায়িকারা সকলেই কৃষ্ণবল্লভা ।

যুক্তি : কেননা এঁরা সকলেই কৃষ্ণের পরকীয়া নায়িকা ।

সংকেত :

(A) মন্তব্য ও যুক্তি দুইই শুদ্ধ

(B) মন্তব্য অশুদ্ধ কিন্তু যুক্তি শুদ্ধ

(C) মন্তব্য শুদ্ধ কিন্তু যুক্তি অশুদ্ধ

(D) মন্তব্য ও যুক্তি দুইই অশুদ্ধ

52. সংকেত অবলম্বনে 'নষ্টনীড়' গল্প থেকে প্রদত্ত প্রসঙ্গগুলির সত্য-অসত্য নির্ণয় করে ঠিক উত্তরটি নির্দেশ করুন :

a. চারু প্রথমে লিখেছিল 'শ্রাবণের মেঘ' নামক একটি রচনা ।

b. চারুর বোনের বাড়ি ছিল চুঁচড়োতে ।

c. অমল কলেজের সেকেণ্ড ইয়ারে পড়ত ।

d. ভূপতির বন্ধু রমাকান্ত অমলের লেখা প'ড়ে ।

সংকেত :

	a	b	c	d
(A)	অসত্য	অসত্য	সত্য	সত্য
(B)	সত্য	সত্য	অসত্য	অসত্য
(C)	অসত্য	অসত্য	অসত্য	সত্য
(D)	অসত্য	সত্য	সত্য	অসত্য

Prepp
Your Personal Exams Guide

53. নীচের মন্তব্যের সমর্থনে যুক্তি দেওয়া হয়েছে । সংকেত থেকে শুদ্ধ উত্তর নির্দেশ করুন :

মন্তব্য : রাষ্ট্রবিজ্ঞানের ভাষায় যা 'গভর্নমেন্ট' তা ভাষাবিজ্ঞানে 'নিয়ন্ত্রণ' নামে পরিচিত ।

যুক্তি : কারণ একাধিক পদের সংযোগ সাধনই নিয়ন্ত্রণের লক্ষ্য ।

সংকেত :

(A) মন্তব্য শুদ্ধ যুক্তি অশুদ্ধ

(B) মন্তব্য অশুদ্ধ যুক্তি শুদ্ধ

(C) মন্তব্য ও যুক্তি দুটিই অশুদ্ধ

(D) মন্তব্য ও যুক্তি দুটিই শুদ্ধ

54. 'কৃষ্ণচরিত্র'-এ বঙ্কিমচন্দ্র জানিয়েছেন, – অপরাধীর সঙ্গে কিরূপ ব্যবহার করা উচিত তার দুইটি মত আছে নীতিশাস্ত্রে । সংকেত থেকে ঠিক মতটি নির্দেশ করুন :

i. দণ্ডের দ্বারা অর্থাৎ বল প্রয়োগের দ্বারা দেষের দমন করিতে হইবে ।

ii. অপরাধীকে মৃত্যুদণ্ড দিতে হইবে ।

iii. অপরাধ ক্ষমা করিবে ।

iv. অপরাধীকে নির্বাসন দিতে হইবে ।

সংকেত :

(A) i এবং ii
(B) i এবং iii
(C) ii এবং iv
(D) iii এবং iv

55. প্রথম তালিকায় প্রদত্ত বঙ্কিম চন্দ্রের 'ধর্মতত্ত্ব' প্রবন্ধ গ্রন্থের অধ্যায় নামের সঙ্গে দ্বিতীয় তালিকায় প্রদত্ত অধ্যায় সংখ্যার সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

প্রথম তালিকা	**দ্বিতীয় তালিকা**
a. স্বজন প্রীতি	i. বিংশ অধ্যায়
b. দয়া	ii. ত্রয়োবিংশ অধ্যায়
c. ভক্তি	iii. ষড়বিংশ অধ্যায়
d. চিত্তরঞ্জিনী বৃত্তি	iv. সপ্তবিংশ অধ্যায়

সংকেত :

	a	b	c	d
(A)	i	iv	iii	ii
(B)	ii	iii	i	iv
(C)	iii	ii	iv	i
(D)	iv	i	ii	iii

56. অ্যারিস্টটল পোয়েটিক্স গ্রন্থের কোন পরিচ্ছেদে ছন্দকে কবিত্বের বিশিষ্ট ব্যাপার বলেছেন -

(A) প্রথম
(B) দ্বিতীয়
(C) তৃতীয়
(D) চতুর্থ

57. শ্রীকৃষ্ণকীর্তনের পুথিটি :

(A) তালপাতায় লেখা
(B) তুলটকাগজে লেখা
(C) ভূর্জপত্রে লেখা
(D) পার্চমেন্টে লেখা

58. প্রবোধচন্দ্র সেন রবীন্দ্রকথিত শোষণশক্তিকে বলেছেন -

(A) প্রসারণ শক্তি
(B) সংকোচন শক্তি
(C) ভারবহন শক্তি
(D) বিশ্লেষক শক্তি

Prepp Your Personal Exams Guide

59. প্রদত্ত প্রথম তালিকায় চারজন ছান্দসিকের নাম দেওয়া হয়েছে এবং দ্বিতীয় তালিকা সংশ্লিষ্ট ছান্দসিককৃত একই ছন্দের বিভিন্ন নাম দেওয়া হয়েছে । সংকেত দেখে সঠিক উত্তর নির্দেশ করুন :

	প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**
a.	অমূল্যধন মুখোপাধ্যায়	i.	মিশ্রকলাবৃত্ত
b.	প্রবোধ চন্দ্র সেন	ii.	অক্ষরবৃত্ত
c.	নীলরতন সেন	iii.	মিশ্রবৃত্ত
d.	তারাপদ ভট্টাচার্য	iv.	তানপ্রধান

সংকেত :

	a	b	c	d
(A)	i	ii	iii	iv
(B)	iv	iii	i	ii
(C)	i	iii	ii	iv
(D)	iv	i	iii	ii

60. হইয়ে জলহীন
যথা মীন
থাকিবি ওলো কতদিন
মরমে মরি ।
– এই কাব্যাংশটি লিখিত হয়েছিল সংস্কৃত :

(A) শিখরিণী ছন্দে
(B) তোটক ছন্দে
(C) মালিনী ছন্দে
(D) রুচিরা ছন্দে

61. "গদ্যের চালটা পথে চলার চাল, পদ্যের চাল নাচের ।" – রবীন্দ্রনাথ একটি চিঠিতে যাঁকে একথা লিখেছিলেন তিনি হলেন :

(A) দিলীপকুমার রায়
(B) ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায়
(C) শৈলেন্দ্রনাথ ঘোষ
(D) প্যারীমোহন সেনগুপ্ত

62. ঈশোপনিষদের ভূমিকায় রামমোহন বিষ্ণুপুরাণের কথা অনুসরণ করে ব্রহ্মাকে বিশেষণ বর্জিত বলেছেন । এ থেকে রামমোহনের উপনিষদ অনুবাদের যে লক্ষ্য বোঝা যায় তা হল :

(A) নিরাকার উপাসনা
(B) পৌরাণিক মত প্রচার
(C) উপনিষদীয় জ্ঞানের বিস্তার
(D) মূর্তিপূজা

63. প্রথম তালিকায় প্রদত্ত ছন্দ-পরিভাষাগুলির সঙ্গে দ্বিতীয় তালিকায় প্রদত্ত সত্যেন্দ্রনাথ দত্ত কৃত নামগুলির সামঞ্জস্য বিধান করে সংকেত অবলম্বনে ঠিক উত্তরটি চিহ্নিত করুন :

	প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**
a.	সিলেব্‌ল	i.	স্বেচ্ছা ছন্দ
b.	ডিপথঙ	ii.	শব্দ পাপড়ি
c.	রিদম	iii.	স্বরসঙ্কর
d.	ভার্সলিবর	iv.	ছন্দ স্পন্দন

সংকেত :

	a	b	c	d
(A)	i	iii	ii	iv
(B)	iv	ii	iii	i
(C)	ii	iii	iv	i
(D)	i	ii	iv	iii

64. 'রাজা ও রানী' নাটকের দ্বিতীয় সংস্করণে রবীন্দ্রনাথ যে বিষয়টির সবথেকে বেশি পরিবর্তন ঘটিয়েছিলেন তা হল :

(A) দৃশ্য সংখ্যা কমে যাওয়া
(B) দৃশ্য সংখ্যা বেড়ে যাওয়া
(C) চরিত্র সংখ্যা কমে যাওয়া
(D) চরিত্র সংখ্যা বেড়ে যাওয়া

65. অভিলেখগারে রক্ষিত 'রক্তকরবী'র খসড়া পাণ্ডুলিপি ও সেগুলির অভিজ্ঞান সংখ্যা দুটি তালিকায় দেওয়া হল । উভয় তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করে সংকেত অবলম্বনে ঠিক উত্তরটি চিহ্নিত করুন :

	প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**
a.	প্রথম খসড়া পাণ্ডুলিপি	i.	১৫১ (VI)
b.	দ্বিতীয় খসড়া পাণ্ডুলিপি	ii.	১৫১ (VIII)
c.	সপ্তম খসড়া পাণ্ডুলিপি	iii.	১৫১ (IX)
d.	অষ্টম খসড়া পাণ্ডুলিপি	iv.	১৫১ (V)

সংকেত :

	a	b	c	d
(A)	iv	i	ii	iii
(B)	i	iii	iv	ii
(C)	iii	iv	i	ii
(D)	ii	iii	iv	i

66. তমাল বনে ঝরিছে বারিধারা
তড়িৎ ছুটে আঁধারে দিশাহারা – এর ছন্দ হলো

(A) মাত্রাবৃত্ত
(B) স্বরবৃত্ত
(C) মিশ্রবৃত্ত
(D) প্রত্নকলাবৃত্ত

67. 'ইন্দিরা' উপন্যাস সংক্রান্ত প্রসঙ্গ গুলি থেকে সত্য অসত্য নির্ণয় করে সংকেত থেকে ঠিক উত্তরটি নির্দেশ করুন :

a. বঙ্গদর্শনে 'ইন্দিরা' আটটি পরিচ্ছেদে সমাপ্ত ।
b. গ্রন্থের শেষ সংস্করণের তৃতীয় পরিচ্ছেদটি 'বঙ্গদর্শন' পত্রিকায় 'দ্বিতীয় পরিচ্ছেদ' ।
c. বঙ্গদর্শনে ইন্দিরা উপেন্দ্রের সাক্ষাত লাভ করেছে 'চতুর্থ পরিচ্ছেদে' ।
d. বঙ্গদর্শনের 'সপ্তম পরিচ্ছেদ' গ্রন্থের শেষ সংস্করণে ষোড়শ পরিচ্ছেদ ।

সংকেত :

	a	b	c	d
(A)	সত্য	অসত্য	অসত্য	সত্য
(B)	সত্য	অসত্য	সত্য	অসত্য
(C)	সত্য	সত্য	অসত্য	অসত্য
(D)	অসত্য	সত্য	অসত্য	সত্য

68. মুক্তক মহাপয়ারের পরিপূর্ণ রূপ দেখা যায় যাঁর রচনায় তিনি হলেন :

(A) মধুসূদন
(B) রবীন্দ্রনাথ
(C) দ্বিজেন্দ্রলাল
(D) মোহিতলাল

69. 'বহুরূপী' পত্রিকায় মে. ১৯৮৬ সংখ্যায় 'রক্তকরবী' নাটকের যে খসড়া পাণ্ডুলিপি প্রকাশিত হয় তাতে নাটকের নাম ছিল :

(A) রক্তকরবী
(B) যক্ষপুরী
(C) সুনন্দা
(D) নন্দিনী

Prepp
Your Personal Exams Guide

70. "ইন্দিরা ছোট ছিল বড় হইয়াছে" – 'ইন্দিরা' র গ্রন্থ রূপের যে সংস্করনে বঙ্কিমচন্দ্র একথা লেখেন :

(A) দ্বিতীয় সংস্করণে ।
(B) তৃতীয় সংস্করণে ।
(C) চতুর্থ সংস্করণে ।
(D) পঞ্চম সংস্করণে ।

71. 'সন্ধ্যাসংগীত' কাব্যের 'বিষ ও সুধা' কবিতাটি বর্জিত হয় :

(A) দ্বিতীয় সংস্করণে
(B) কাব্য গ্রন্থাবলী সংস্করণে
(C) ১৯১৫ সালের ইন্ডিয়ান প্রেস সংস্করণে
(D) ১৯৩৯ সালে রবীন্দ্র রচনাবলীর সংস্করণে

72. হরপ্রসাদ শাস্ত্র আবিষ্কৃত নেপালের রাজগ্রন্থাগারে রক্ষিত চর্যাগীতির পুথিটির সম্পূর্ণ ফটোকপি সংস্করণ সম্পাদনা করেছেন :

(A) সুকুমার সেন
(B) নীলরতন সেন
(C) শহীদুল্লাহ
(D) রাহুল সাংকৃত্যায়ন

73. 'উজ্জ্বলনীলমণি' অনুসারে নীচে প্রদত্ত তথ্যগুলি সত্য না অসত্য তা যাচাই করে সংকেতের মাধ্যমে ঠিক উত্তরটি নির্দেশ করুন :

a. প্রেম হল ভাববন্ধনের বীজ
b. স্নেহ প্রেমের চেয়ে নিম্নতর
c. প্রণয় বন্ধুর বিশ্বস্ততা
d. অনুরাগ নিত্য নব নব প্রেম

সংকেত :

	a	b	c	d
(A)	সত্য	অসত্য	সত্য	অসত্য
(B)	সত্য	অসত্য	সত্য	সত্য
(C)	সত্য	সত্য	সত্য	সত্য
(D)	অসত্য	সত্য	সত্য	অসত্য

74. 'শাকে সিন্ধগ্নি বানেন্দৌ জ্যৈষ্ঠে বৃন্দাবনান্তরে' যে কাব্যের রচনাকাল জ্ঞাপন করে তা হল :

(A) চৈতন্য ভাগবত
(B) চৈতন্য চরিতামৃত
(C) চৈতন্য চন্দ্রোদয়
(D) মুরারিগুপ্তের কড়চা

75. 'শর্মিষ্ঠা' নাটক সম্বন্ধে কয়েকটি মন্তব্য এখানে দেওয়া হল । সংকেত অনুসারে এগুলির শুদ্ধাশুদ্ধ বিচার করে সংকেত অনুসারে উত্তর দিন :

a. শর্মিষ্ঠা নাটকে নান্দী সূত্রধর ও নটী আছে ।
b. শর্মিষ্ঠা নাটকে বিদূষক চরিত্র নেই ।
c. সংলাপে গদ্যপদ্যময় সংস্কৃত সংলাপ রীতি অনুসরণ করা হয়েছে ।
d. লেখক কালিদাসের 'অভিজ্ঞান শকুন্তলা' নাটকের অনুসরণ করেছেন ।

সংকেত :

	a	b	c	d
(A)	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ
(B)	অশুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	শুদ্ধ
(C)	শুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	অশুদ্ধ
(D)	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ

Your Personal Exams Guide

Space For Rough Work

Your Personal Exam Guide